

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০৭০.০২০.০০.০০.০১৭.২০১১-৫৭২

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩০
০১ জুন ২০২৩

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্থানীয় সরকার বিভাগ

সিজেএ ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: স্থানীয় সরকার বিভাগের চলতি ২০২২-২৩ অর্থ বছরে সংশোধিত পরিচালন বাজেটের আওতায় 'সিটি কর্পোরেশন' এর আবর্তক ব্যয় খাতে বরাদ্দকৃত অর্থের ৪র্থ কিস্তির অর্থ অবমুক্তকরণ।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে, স্থানীয় সরকার বিভাগের চলতি ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত পরিচালন বাজেটে 'সিটি কর্পোরেশন' এর আবর্তক ব্যয় খাতে (কোড নং-১৩৭০১-১৪১০০০০০০-৩৬৩১১০৭) বরাদ্দকৃত হতে ৪র্থ কিস্তি বাবদ ১০০.০০ লক্ষ (এক কোটি) টাকা নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে পানি সরবরাহ কার্যক্রমের জন্য উক্ত সিটি কর্পোরেশনের অনুকূলে অর্থ অবমুক্তকরণে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

২। এ মঞ্জুরিকৃত অর্থ চলতি ২০২২-২৩ অর্থ বছরের পরিচালন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭০১-১৪১০০০০০০-৩৬৩১১০৭ 'সিটি কর্পোরেশন' এর আবর্তক খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

৩। অর্থ বিভাগের গত ২৯ মে ২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১১১.০১.০০২.২০২২-২৪৪ নং স্মারক মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তে এ অর্থ ছাড় করা হলো:

(ক) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ (সর্বশেষ সংশোধনীসহ) অনুসরণসহ প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;

(খ) অব্যয়িত অর্থ ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;

(গ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ি থাকবেন;

(ঘ) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের পানি সরবরাহ কার্যক্রম ব্যতিত অন্য কোন কাজে উক্ত অর্থ ব্যয় করা যাবে না; এবং

(ঙ) অর্থ বিভাগের ব্যয় শাস্ত্রকরণ পরিপত্রসমূহ (২১/০৭/২০২২ এবং ১২/০৩/২০২৩ তারিখের ১৬ এবং ৪২০নং পরিপত্র) যথাযথভাবে অনুসরণ করতে হতে (প্রযোজ্য ক্ষেত্রে)।

৪। সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তা-এ মঞ্জুরিকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।


০১.০৬.২০২৩

(মোহাম্মদ শামছুল ইসলাম)

উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৩৬২৫

মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০

ই-মেইল: lgcc1@lgd.gov.bd

নম্বর: ৪৬.০৭০.০২০.০০.০০.০১৭.২০১১-৫৭২/১(১০)

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩০
০১ জুন ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় [দৃঃ আঃ উপসচিব (বাজেট-১১ শাখা)]।
২. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মন্ত্রী'র একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপসচিব (সিটি কর্পোরেশন-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ।
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মেয়রের একান্ত সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)।
৮. বাজেট কাম হিসাবরক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ।
৯. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (জিওটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
১০. অফিস কপি।


০১.০৬.২০২৩

(মোহাম্মদ শামছুল ইসলাম)

উপসচিব